২৮৮৫

তারিখ ... JUL 12 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ২ ......

৭৭

# ফটিকছড়িতে ছাত্রলীগের দুই গ্রুপে বন্দুকযুদ্ধে নিহত ৩

চট্টগ্রাম ব্যুরো

গতকাল মঙ্গলবার ফটিকছড়ি উপজেলার কাঞ্চননগর ইউনিয়নের দুর্গম পাহাড়ি এলাকায় ছাত্রলীগের দুই উপদলের মধ্যে চার ঘণ্টাব্যাপী ভয়াবহ বন্দুকযুদ্ধে ৩ জন নিহত ও অন্তত ১০ জন আহত হয়েছে। নিহত ২জনের লাশ ও ২টি পরিত্যক্ত মোটর সাইকেল পুলিশ ঘটনাস্থল থেকে উদ্ধার করেছে। আহতদের স্ব স্ব গ্রুপ সরিয়ে নিয়ে গেছে। সংঘর্ষ হয়েছে নিহত ছাত্রলীগ ক্যাডার টিপুর সমর্থক বাহিনীর সঙ্গে তৈয়ব বাহিনী সমর্থিত নাজিম গ্রুপের মধ্যে। উভয় গ্রুপ দু' শতাধিক রাউন্ড গুলি বিনিময় করে। নিহত ৩ জন হচ্ছে : ইলিয়াস, খোরশেদ ও মাসুদ। এরা সবাই তৈয়ব বাহিনীর ক্যাডার।

পুলিশ জানায়, টিপু গ্রুপের সঙ্গে তৈয়ব গ্রুপের দ্বন্দ্ব ছিল তুঙ্গে। উভয় গ্রুপ এলাকায় কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য লড়াইয়ে লিপ্ত ছিল। গতকাল মঙ্গলবার বেলা আড়াইটার দিকে তৈয়ব বাহিনীর অনুসারী মিজান গ্রুপের সঙ্গে টিপু গ্রুপের সংঘর্ষ শুরু হয়। পাহাড়ি এলাকায় এক গ্রুপের স্থাপিত ক্যাম্পে অন্য গ্রুপ হামলা চালালে এই সংঘর্ষ বাঁধে। জনবসতিহীন গহীন অরণ্যে প্রায় ঘণ্টাখানেক তুমুল গুলি বিনিময়ের পর থেমে থেমে গুলি বর্ষণের মাধ্যমে এক গ্রুপ অন্য গ্রুপের পাল্টা জবাব দিতে থাকে। খবর পেয়ে ফটিকছড়ি থানা ও জেলা সদর থেকে কয়েক প্লাটুন পুলিশ ঘটনাস্থলে পৌছলে উভয় গ্রুপ গুলি করতে করতে পাহাড়ের দিকে গা ঢাকা দিয়ে চলে যায়। পুলিশ দল পরে পাহাড়ে তল্লাশি চালিয়ে সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে নিহতদের লাশ ও মোটর সাইকেল উদ্ধার করে।